গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০২.২০- ৭৯৮

তারিখ: ০২ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ।
১৬ জুন, ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয় : **কারণ দর্শানো নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ে ঝিনাইদহ জেলার হরিণাকুন্ড পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো: শফিকুল ইসলাম এর বিরুদ্ধে-

(ক) ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু পৌরসভার সচিব জনাব মো: শফিকুল আলম নড়াইল পৌরসভায় কর্মকালীন উক্ত পৌরসভার হাট-বাজার ইজারার টেন্ডার কমিটির সদস্য ছিলেন;

(খ) নড়াইল পৌরসভার রুপগঞ্জ সাধারণ হাটের বাংলা ১৪১২ সালের ইজারার অনিয়মকে কেন্দ্র করে নড়াইল থানার মামলা নং-১৩, তাং০৭/০৮/২০০৮ ইং ধারা-দন্ডবিধির ৪০৯/১০৯ তৎসহ ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা মতে রুজু হয়;

(গ) উক্ত মামলার ১০নং আসামী জনাব মো: শফিকুল আলম, সচিব (বর্তমানে পৌর নির্বাহী কর্মকর্তা), হরিণাকুন্ডু পৌরসভা এবং আসামীগণ পরস্পর যোগসাজসে নিজ ক্ষমতার অপব্যবহার ও অপরাধজনক বিশ্বাস ভঙ্গের মাধ্যমে কম মূল্যে তিনটি হাট কম মূল্যে ইজারা দিয়ে পৌরসভা তথা সরকারের আর্থিক ক্ষতি করে দন্ডবিধির ৪০৯/১০৯ তৎসহ ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারার অপরাধ করেছেন

(ঘ) মামলাটি বিচারের জন্য বিজ্ঞ সিনিয়র স্পেশাল জজ আদালত, নড়াইলে দাখিল করেন এবং আসামীদের বিরুদ্ধে একই ধারায় অপরাধ আমলে নেয়া হয়;

(ঙ) মামলাটি বিচারের জন্য প্রস্তুত হলে, বিজ্ঞ সিনিয়র জজ আদালত, নড়াইল হতে স্পেশাল জজ আদালত, যশোরে প্রেরণ করা হলে মামলা নং ১২/২০০৯ হিসেবে রেজিস্ট্রীভুক্ত হয়। উক্ত মামলার ১৭/০২/২০২২ তারিখের রায়ে সকল আসামীর বিরুদ্ধে দন্ডবিধি ৪০৯/১০৯ ধারার অপরাধের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাদের প্রত্যেককে দন্ড বিধি ৪০৯ ধারায় ০৫ (পাঁচ) বছর করে সশ্রম কারাদন্ড এবং ১০,০০০/- (দশ হাজার) টাকা অর্থদন্ড অনাদায়ে আরও ৬ (ছয়) মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়;

০২। ঝিনাইদহ জেলার হরিণাকুন্ড পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো: শফিকুল ইসলাম-কে এর বিরুদ্ধে উল্লিখিত অভিযোগে পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি (ক) ও (খ) এর অপরাধে একই বিধিমালার ৪৬(১) অনুযায়ি হরিণাকুন্ড পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তার পদ থেকে অপসারণ করা হবেনা সে বিষয়ে পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : **বর্ণনামতে।**

১৬/০৬.২০২২

(মাহাম্মদ ফারুক হোসেন)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

**জনাব মো: শফিকুল ইসলাম**
**পৌর নির্বাহী কর্মকর্তা**
**হরিণাকুন্ড পৌরসভা, ঝিনাইদহ।**

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওযেব সাইটে প্রকাশের জন্য)।**

G:\Old Data\D\All Document\DECIPLINE\LETTER.doc-145